

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ২১ আগস্ট ২০১৬ খ্রিঃ।

এনবিআর এডিআর কার্যক্রমকে শক্তিশালী করছে

জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর, শুল্ক ও মূসক অনুবিভাগের প্রায় ২৪,০০০ (চব্বিশ হাজার) মামলা চলমান রয়েছে। এ সকল মামলায় সরকারের ৩১,০০০ (একত্রিশ হাজার) কোটি টাকার আর্থিক সংশ্লেষ সম্বলিত রাজস্ব জড়িত রয়েছে। সরকারি আর্থিক স্বার্থ সংশ্লিষ্ট এই বিপুল সংখ্যক মামলা পরিচালনার সুষ্ঠু ব্যবস্থাপনার ক্ষেত্রে বর্তমান পদ্ধতিতে দ্রুত মনিটরিং এবং নিষ্পত্তি করা সম্ভব হয় না। যার ফলে দিন দিন মামলার সংখ্যা বৃদ্ধির পাশাপাশি অনাদায়ী রাজস্বের পরিমাণ বাড়ছে। মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির মাধ্যমে প্রাপ্ত অর্থ আদায় করা গেলে তা নির্ধারিত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে। সে লক্ষ্যে বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতিকে অধিক কার্যকর করার বিকল্প নেই।

বিকল্প বিরোধ নিষ্পত্তি কার্যক্রম (ADR) কে অধিকতর কার্যকর করার জন্য এক সভা সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড মোঃ নজিবুর রহমান এর সভাপতিত্বে আজ ২১ আগস্ট, ২০১৬ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট সদস্যবৃন্দসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভায় বিকল্প বিরোধ নিষ্পত্তি কার্যক্রম (ADR) মনিটরিং বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপপূর্বক কতগুলো গুরুত্বপূর্ণ কর্মকৌশল অবলম্বনের সিদ্ধান্ত গৃহীত হয়, যা নিম্নরূপঃ

- বছরের শুরুতেই প্রতিটি কমিশনারেটের এডিআর এর মাধ্যমে সম্ভাব্য নিষ্পত্তিযোগ্য মামলাসমূহের একটি তালিকা প্রণয়ন করা;
- বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বেশি বেশি মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে এডিআর এর মাধ্যমে নিষ্পত্তিযোগ্য রাজস্ব মামলার প্রণিতব্য তালিকার আলোকে আয়কর, শুল্ক ও মূসক অনুবিভাগের মাঠ পর্যায়ের দপ্তরসমূহকে বছরব্যাপী একটি উপযোগী ও বাস্তবসম্মত এডিআর টার্গেট নির্ধারণ করে দেয়া;
- তালিকাভুক্ত সম্মানিত স্টেকহোল্ডারগণকে (করদাতা/প্রতিনিধি) অনুপ্রাণিত/উদ্বুদ্ধ করার নিমিত্ত ফলাফল ভিত্তিক (result oriented) সভা, সমাবেশ এবং সেমিনারের আয়োজন করা;
- আয়কর, শুল্ক ও মূসক অনুবিভাগের মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কর্মকর্তাদের এডিআর কার্যক্রমে উদ্বুদ্ধকরণ ও আলোচনা সভা অনুষ্ঠান;
- সম্মানিত করদাতাগণকে বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধকরণের জন্য প্রিন্ট এবং ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা;
- মামলা নিষ্পত্তি দ্রুততর করতে 'এডিআর ফোরাম' গঠনের প্রস্তুতি গ্রহণ করা;
- ভবিষ্যতে সম্মানিত করদাতাগণকে এডিআর কার্যক্রমে উদ্বুদ্ধ করতে জাতীয় রাজস্ব বোর্ডের এডিআর বিষয়ক কার্যক্রমের আপডেট নিয়মিত প্রচারের জন্য ADR Facebook Page চালুকরণ;
- এডিআর কার্যক্রম সফল করতে বছরব্যাপী কর্মকৌশল নির্ধারণ; এবং
- জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন বিভিন্ন কর অঞ্চল, কাস্টম হাউস/কমিশনারেটসমূহের অনিষ্পন্ন মামলাসমূহ ডিজিটাল পদ্ধতিতে দ্রুত নিষ্পত্তির জন্য সম্মানিত করদাতা ও রাজস্ব বিভাগের কর্মকর্তাদের মাঝে বন্ধুত্বপূর্ণ ও পারস্পরিক সহযোগিতামূলক সুসম্পর্ক এবং আস্থার পরিবেশ তৈরির মাধ্যমে এডিআর পদ্ধতিকে কার্যকর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

সভায় সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড মোঃ নজিবুর রহমান বলেন, বর্তমান সরকারের “রূপকল্প-২০২১ ও ২০৪১” বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডকে মানব বান্ধব, ব্যবসা বান্ধব এবং সেবামুখী একটি প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার কাজ চলছে। জনকল্যাণে রাজস্ব বোর্ডকে আরো অধিকতর গতিশীল ও সুশাসনযুক্ত সেবা প্রদানের মাধ্যমে বিকল্প বিরোধ নিষ্পত্তি কার্যক্রম (ADR) কার্যক্রম অধিকতর কার্যকর করা একান্ত অপরিহার্য। রাজস্ব মামলাসমূহের দ্রুত নিষ্পত্তির জন্য ইতোমধ্যে নানামুখী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। Digital Suit Management System বিষয়ক Software চালু, রিটেইনার নিয়োগ, বিজ্ঞ অ্যাটর্নী জেনারেলের অফিসের সাথে নিয়মিত যোগাযোগ এর মধ্যে অন্যতম। এর ফলে রাজস্ব সংশ্লিষ্ট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির পাশাপাশি রাজস্ব আদায় বৃদ্ধি পাবে, মামলা জট কমবে এবং ভবিষ্যতে রাজস্ব আদায় বৃদ্ধিতে এ ধরনের উদ্ভাবনীমূলক প্রচেষ্টা অব্যাহত থাকবে।

বর্ণিত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র অনুরোধ করা হলো।

(সৈয়দ এ, মু'মেন)
সিনিয়র তথ্য অফিসার

প্রাপকঃ

বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।